# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ**

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

**ডিওএস সার্কুলার লেটার নম্বর- ০৫/২০২০**

**তারিখ: ০৫ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ / ১৯ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ**

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**জাতীয় সংসদের ১৮৩ ঢাকা-১০, ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন উপলক্ষ্যে ২১ মার্চ, ২০২০ তারিখ শনিবার সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০৩/২০২০ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-৬৫ মোতাবেক-

(ক) জাতীয় সংসদের ১৮৩ ঢাকা-১০ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন উপলক্ষ্যে ভোটের দিন ২১ মার্চ, ২০২০ তারিখ শনিবার নির্বাচনি এলাকা এবং মহানগরীর অন্যান্য এলাকাধীন তফসিলি ব্যাংকে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দেয়ার জন্য অনুরোধ করা হলো।

(খ) জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ ও ৯৮ বাগেরহাট-৪ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন উপলক্ষ্যে ২১ মার্চ, ২০২০ তারিখ শনিবার কর্মকর্তা/কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত তফসিলি ব্যাংকসমূহের সকল শাখা বন্ধ থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(প্রবীর পিটার কস্তা)
উপমহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৬২২